

# মাখলায় নতুন প্রকল্প থেকে পানীয় জল মিলবে বৈশাখেই

বিএনএ, চুচুড়া: উত্তরপাড়া পুরসভার মাখলার চারটি ওয়ার্ডের পানীয় জলের সমস্যা সমাধানের জন্য নতুন একটি জল প্রকল্প গড়ে তোলার উদ্যোগ নিল পুরসভা। রাজ্য পুর ও নগরোন্নয়ন দপ্তরের সহায়তায় নতুন জল প্রকল্পের কাজ হ্রস্ব গতিতে চলছে। গঙ্গ লাগোয়া বাবুয়াট এলাকায় পুরসভার বর্তমান যে জল প্রকল্প রয়েছে, তার পাশেই নতুন জল প্রকল্পের কাজ চলছে। সব কিছু টিক্কাতে চললে পয়লা বৈশাখ থেকেই বাড়ি বাড়ি পানীয় জল সরবরাহ করা সম্ভব হবে বলে আশা করছে পুরসভা। পুরসভার এই উদ্যোগে খুশি মাখলার মানুষ।

উত্তরপাড়া পুরসভার চেয়ারম্যান দিলীপ যাদব বলেন, মাখলার পানীয় জলের সমস্যা সমাধানের জন্য প্রায় ৯ কোটি ২৭ লক্ষ টাকায় নতুন করে একটি জল প্রকল্পের কাজ চলছে। গঙ্গ থেকে জল তুলে তা পরিশোধন, এবং ওভারহেড রিজার্ভ তৈরির পাশাপাশি পাইপ লাইনের কাজও শুরু হয়েছে। দিলীপবাবু বলেন, বাংলা নতুন বছরের প্রথম দিন থেকেই আমরা মাখলার চারটি ওয়ার্ডে বাড়ি বাড়ি পানীয় জল পৌছে দিতে পারব বলে আশা করছি।

পুরসভা সুত্রে খবর, গত কয়েক দশক ধরেই উত্তরপাড়া পুরসভার মাখলার ২০, ২১, ২২ ও ২৩ নম্বর ওয়ার্ডে সারা বছর ধরে পানীয় জলের সমস্যা রয়েছে। গরম ও বর্ষার সময়ে পানীয় জলের সংকট তীব্র হয়। বছরে তিন থেকে চার মাস চারটি ওয়ার্ডের বহু মানুষ পানীয় জল কিনে খেতে বাধ্য হন। ওই এলাকায় বসবাস করা কয়েক হাজার মানুষ তাদের সমস্যা সমাধানের জন্য বারবার পুরসভার কাছে আবেদন করার পাশাপাশি রাস্তা অবরোধের মতো আন্দোলনও করেছেন। সমস্যা সমাধানের জন্য বিধানসভা নির্বাচনের পরেই বিধায়ক প্রবীর মোষাল ও উত্তরপাড়া পুরসভার চেয়ারম্যান দিলীপ যাদব উদ্যোগী হন। বাবুয়াটের কাছে বর্তমানে পুরসভার যে জল প্রকল্প রয়েছে, তারই পাশে থাকা পুরসভার জায়গায় গঙ্গ থেকে জল তুলে তা পরিশোধন করে পাইপ লাইনের মাধ্যমে মাখলায় নিয়ে যাওয়া এবং চারটি ওয়ার্ডে একটি করে রিজার্ভ তৈরি করে সেখান থেকে বাড়ি বাড়ি পানীয় জল সরবরাহের একটি ডিপিআর তৈরি করে পুরমন্ত্রীর কাছে জমা দেওয়া হয়। পুরমন্ত্রী ফিরহাদ হাকিমের কাছে জল প্রকল্প তৈরির জন্য ৯ কোটি ২৭ লক্ষ টাকা বরাদ্দ করার আবেদন করা হয়। ঠিক হয়, প্রকল্পের মোট খরচের ২ কোটি ২৭ লক্ষ টাকা পুরসভা দেবে। বাকি ৭ কোটি টাকা রাজ্য পুর ও নগরোন্নয়ন দপ্তর থেকে উত্তরপাড়া পুরসভাকে দেওয়া হবে। সেই মতো বছর খানেক আগে জল প্রকল্পের কাজ শুরু হয়।

মাখলার বাসিন্দা জয়দেব দত্ত বলেন, এই এলাকার সবচেয়ে বড় সমস্যা পানীয় জল। কয়েক দশক ধরেই মানুষ পানীয় জলের দাবিতে লড়াই করে আসছে। পুরসভা সেই দাবি প্রতিশেষের উদ্যোগ নেওয়ায় স্বাভাবিকভাবেই খুশি হয়েছেন এলাকার মানুষ। প্রকাশ দত্ত নামে আরেক বাসিন্দা বলেন, আগেও একবার এই ধরনের উদ্যোগ নেওয়া হলেও, তা শেষ পর্যন্ত কেনও আজনা কারণে বাস্তবায়িত হয়নি। তবে এবার কাজ শুরু হয়েছে। তাই পানীয় জলের সমস্যা মিটবে বলে আমাদের মতো গোটা এলাকার মানুষ স্বপ্ন দেখতে শুরু করেছে।